# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**16-05-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১. প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নেদারল্যান্ডসে প্রবাসী ভারতীয়দের উদ্দেশে যে ভাষণ দেবেন তা নিয়ে প্রবাসীদের মধ্যে প্রবল উৎসাহ দেখা দিয়েছে।

২) পাকিস্তানকে অবশ্যই সন্ত্রাসবাদীদের আশ্রয় দেওয়া এবং ভারতের বিরুদ্ধে অভিযান চালানো বন্ধ করতে হবে বলে দেশের সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী স্পষ্ট জানিয়েছেন।

৩. প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং উত্তর প্রদেশ সহ বিভিন্ন স্থানে সাম্প্রতিক প্রবল ঝড় বৃষ্টিতে একাধিক প্রাণহানির ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন।

৪. তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে নির্বাচনী প্রচারে উস্কানিমূলক ভাষণের অভিযোগে বিধান নগর সাইবার ক্রাইম থানায় FIR দায়ের করা হয়েছে।

৫. সাম্প্রতিক চীন সফরে মার্কিন যুক্তরাষ্ট্র ও চীনের মধ্যে বেশ কিছু গুরুত্বপূর্ণ বাণিজ্য চুক্তি স্বাক্ষরিত হয়েছে বলে জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

৬. কলকাতার ইডেন গার্ডেন্সে আজ আইপিএল ক্রিকেটের ম্যাচে কলকাতা নাইট রাইডার্স গুজরাট টাইটান্স এর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু সন্ধে সাড়ে সাতটায়।

০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিকেলে ডাচ প্রধানমন্ত্রী রব জেটেনের সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনা করবেন। তিনি রাজা উইলেম-আলেকজান্ডার ও রানী ম্যাক্সিমার সঙ্গে সাক্ষাৎ করবেন। এই সফরটি দ্বিপাক্ষিক সম্পর্কের বাইরেও তাৎপর্যপূর্ণ এবং সম্প্রতি সমাপ্ত ভারত-ইউরোপ মুক্ত বাণিজ্য চুক্তির প্রেক্ষিতে এটি বৃহত্তর ভারত-ইইউ সম্পর্ককে রূপ দেবে বলে আশা করা হচ্ছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর সরকারি সফরের অংশ হিসেবে আজ বিকেলে নেদারল্যান্ডসে প্রবাসী ভারতীয়দের উদ্দেশে ভাষণ দেবেন। প্রধানমন্ত্রীর এই ভাষণ নিয়ে প্রবাসী ভারতীয়রা অত্যন্ত উৎসাহিত। আয়োজকরা এই ভাষণকে একটি ঐতিহাসিক ভাষণ বলে অভিহিত করছেন এবং আশা করা হচ্ছে যে ভারতীয় সম্প্রদায়ের হাজার হাজার মানুষ উপস্থিত থাকবেন। অনুষ্ঠানটি প্রধানমন্ত্রীর দেশ সফরের অন্যতম প্রধান আকর্ষণ হবে।

গতকাল গভীর রাতে প্রধানমন্ত্রী মোদী নেদারল্যান্ডসে পৌঁছালে তাঁকে উষ্ণ অভ্যর্থনা জানানো হয়। নেদারল্যান্ডস এর বিদেশ মন্ত্রী তাঁকে স্বাগত জানান। বিভিন্ন বয়স, অঞ্চল এবং ধর্মের ভারতীয় সম্প্রদায়ের মানুষ ঐতিহ্যবাহী নৃত্য ও সঙ্গীতের মাধ্যমে তাঁকে স্বাগত জানাতে সমবেত হন। তাঁর আগমনের সঙ্গে সঙ্গে অনুষ্ঠানস্থল "মোদী-মোদী" এবং "বন্দে মাতরম" ধ্বনিতে মুখরিত হয়ে ওঠে।প্রধানমন্ত্রী সামাজিক মাধ্যমের এক পোস্টে অনুষ্ঠানের কিছু অংশ শেয়ার করে এই অভ্যর্থনাকে অসাধারণ বলে উল্লেখ করেন।

এই সামাজিক অনুষ্ঠানে ভারত-নেদারল্যান্ডস সম্পর্ক, প্রবাসীদের ভূমিকা এবং ভারতের বিশ্বব্যাপী প্রভাব নিয়ে আলোচনা হবে বলে আশা করা হচ্ছে।

oooooooooooooooooooo

নেদারল্যান্ডস সফর শেষে প্রধানমন্ত্রী আগামীকাল সুইডেনের কোটেনবার্গে যাবেন। সেখানে সুইডিস প্রধানমন্ত্রী উল্ফ ক্রিস্টারসনের সঙ্গে দ্বিপাক্ষিক বাণিজ্য ও সম্পর্কের বিভিন্ন দিক খতিয়ে দেখবেন তারা। এর মধ্যে রয়েছে কৃত্রিম বুদ্ধিমত্তা, উদ্ভাবনী

প্রযুক্তি, স্টার্ট আপ, সরবরাহ শৃঙ্খল, প্রতিরক্ষা, মহাকাশ, জলবায়ু পরিবর্তন সংক্রান্ত আলোচনা। দুই প্রধানমন্ত্রী শিল্প সংক্রান্ত ইউরোপীয় রাউন্ড টেবিল বৈঠকেও ভাষণ দেবেন। এই অগ্রণী প্যান ইউরোপীয় বাণিজ্যিক ফোরামের বৈঠকে ইউরোপীয় কমিশনের সভাপতি উরসুলা ভনডার লিওনও উপস্থিত থাকবেন।

oooooooooooooooooooo

সফরের চতুর্থ পর্যায়ে প্রধানমন্ত্রী সোমবার পৌঁছবেন নরওয়েতে। তৃতীয় ভারত নর্ডিক শিখর সম্মেলনে যোগদানের পাশাপাশি তিনি রাজা হ্যারাল্ড ও রানি সনজার সঙ্গে সাক্ষাৎ করবেন। দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হবেন প্রধানমন্ত্রী জোনাস গর স্টোরের সঙ্গেও। ভারত নরওয়ে বাণিজ্যিক ও গবেষণা সংক্রান্ত শিখর সম্মলেনেও নরওয়ের প্রধানমন্ত্রীর সঙ্গে যৌথভাবে যোগ দেবেন শ্রী মোদী। মঙ্গলবার তিনি তৃতীয় ভারত নর্ডিক শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করবেন। সেখানে নরওয়ের প্রধানমন্ত্রী জোনাস গর স্টোর ছাড়াও ডেনমার্কের প্রধানমন্ত্রী মেটে ফেডারিকসন, ফিনল্যান্ডের প্রধানমন্ত্রী ফেট্টেরি অর্পো, আইসল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস্টার্ন ফ্রস্টাদত্তির এবং সুইডেনের প্রধানমন্ত্রী উল্ফ ক্রিস্টারসন অংশ নেবেন। প্রযুক্তি ও উদ্ভাবন, পুনর্নবীকরণযোগ্যে ও পরিবেশবান্ধব শক্তি, প্রতিরক্ষা, মহাকাশ সহ বিভিন্ন ক্ষেত্রে সম্মেলনে গুরুত্বপূর্ণ আলোচনা হবে। এটি শ্রী মোদীর নরওয়েতে প্রথম সফর। ভারত থেকে ৪৩ বছর পর এই প্রথম কোনো প্রধানমন্ত্রী সেখানে যাচ্ছেন।

সফরের চূড়ান্ত পর্যায়ে শ্রী মোদী যাবেন ইতালিতে। সেখানে রাষ্ট্রপতি সার্গিও মাতারেলা ও প্রধানমন্ত্রী জর্জিয়া মেলনের সঙ্গে তিনি বৈঠক করবেন।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীর কাছে সহজে ব্যবসা ও জীবনযাত্রা আরো সুগম করার ক্ষেত্রে সরকারের দায়বদ্ধতার কথা পুনর্ব্যক্ত করেছেন। সমাজ মাধ্যমের এক বার্তায় শ্রী মোদী, বিদেশযাত্রার ওপর সেস, কর বা অতিরিক্ত মাশুল আরোপের বিষয়ে সংবাদমাধ্যমের এক রিপোর্ট খারিজ করে দেন। তিনি বলেন, এ ধরণের খবর সম্পূর্ণ

ভুয়ো এবং এর কোনো সত্যতা নেই। বিদেশযাত্রার ওপর এ ধরণের বিধিনিষেধ আরোপের কোনো প্রশ্নই ওঠে না বলে স্পষ্ট জানিয়ে দেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী আজ বলেছেন, পাকিস্তানকে অবশ্যই সন্ত্রাসবাদীদের আশ্রয় দেওয়া এবং ভারতের বিরুদ্ধে অভিযান চালানো বন্ধ করতে হবে। নতুন দিল্লিতে 'সেনা সংবাদ' অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি স্পষ্ট জানান, পাকিস্তান যদি ভারতের বিরুদ্ধে এই কার্যকলাপ চালিয়ে যায়, তবে তাদের সিদ্ধান্ত নিতে হবে, পাকিস্তান ভূগোলের অংশ হতে চায়, নাকি ইতিহাসের।

০০০০০০০০০০০০০০০০০০০০০

সরকার, পেট্রোল রপ্তানীর ওপর লিটার পিছু তিন টাকা হারে বিশেষ অতিরিক্ত উতপাদন শুল্ক আরোপ করেছে। এক গেজেট বিজ্ঞপ্তিতে অর্থমন্ত্রক জানিয়েছে, ডিজেল রপ্তানীতে এই বিশেষ অতিরিক্ত উৎপাদন শুল্ক ২৩ টাকা থেকে কমিয়ে ১৬ টাকা ৫০ পয়সা করা হয়েছে। একই সঙ্গে বিমানের জ্বালানী ক্ষেত্রে এই হার লিটার পিছু ৩৩ টাকা থেকে কমিয়ে করা হয়েছে ১৬ টাকা। আগামী এক পক্ষকালের জন্য এই হার কার্যকর থাকবে। আজ থেকেই তা বলবত হয়েছে। অভ্যন্তরীন বাজারে ব্যবহারের জন্য পেট্রোল ও ডিজেলের উপর বর্তমান উৎপাদন শুল্কের হারে অবশ্য কোনো পরিবর্তন হয়নি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং গত কয়েকদিন ধরে উত্তর প্রদেশসহ নানা জায়গায় প্রবল ঝড়বৃষ্টিতে একাধিক প্রাণহানির ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে তিনি শোকসন্তপ্ত পরিবারগুলির প্রতি সমবেদনা জানান। শ্রী সিং বলেন, প্রতিকূল আবহাওয়ার কারণে ক্ষতিগ্রস্ত রাজ্যগুলোকে কেন্দ্রীয় সরকার সব ধরনের সাহায্য করবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন আজ তাঁর প্রথম সিকিম সফরে যাচ্ছেন। এই সফরে উপরাষ্ট্রপতি গ্যাংটকে সিকিমের রাজ্য প্রতিষ্ঠা দিবস উদযাপনে যোগ দেবেন। রাজ্যপাল ওম প্রকাশ মাথুর এবং সিকিমের মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাং-এর পাশাপাশি উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়াও এই উদযাপনে যোগ দেবেন। সফরকালে উপরাষ্ট্রপতি সেখানকার কয়েকটি গুরুত্বপূর্ণ স্থানও পরিদর্শন করবেন বলে মনে করা হচ্ছে।

এদিকে সিকিম আজ তার প্রতিষ্ঠা বার্ষিকী পালন করছে। ১৯৭৫ সালের ১৬ ই মে, হিমালয়ের পাদদেশে  এই রাজ্যটি ভারতের মানচিত্রে যুক্ত হয়।

প্রতিষ্ঠা দিবস উপলক্ষে সিকিমবাসীকে অভিনন্দন  জানিয়েছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মূ স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ প্রমুখ।

oooooooooooooooooooo

সদ্য শেষ হওয়া বিধানসভা নির্বাচনে প্রচার চলাকালীন একাধিকবার উষ্কানিমূলক মন্তব্য এবং হুমকি দেওয়ার দায়ে তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে বিধাননগর সাইবার ক্রাইম থানায় অভিযোগ দায়ের হয়েছে। রাজীব সরকার নামে জনৈক এক ব্যক্তি, তাঁর অভিযোগে জানিয়েছেন, গত ২৭ শে এপ্রিল মহেশতলা রোডশো-এ অভিষেক, সম্প্রীতি নষ্ট হতে পারে এমন মন্তব্য করেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীকে হুমকি দেওয়া হয় বলেও অভিযোগ পত্রে জানানো হয়েছে। অভিষেকের বক্তব্যের ভিডিও তার অফিসিয়াল ফেসবুক চ্যানেল এবং বিভিন্ন সংবাদ মাধ্যম ও পোর্টালে বারবার সম্প্রচারিত হয়েছে। এর প্রেক্ষিতেই ভারতীয় ন্যায় সংহিতার একাধিক ধারায় অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য গত ৫ ই মে দায়ের হয়েছে এফআইআর। এর মধ্যে বেশ কয়েকটি ধারা জামিন অযোগ্য বলে জানা গেছে।

উল্লেখ্য, রাজ্য পুলিশের তরফে সম্ভবত অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে এটিই প্রথম এফআইআর।

বিজেপির রাজ্যসভার সাংসদ রাহুল সিনহা বলেছেন, নির্বাচনের আগে ও পরে অভিষেক বন্দ্যোপাধ্যায় যেসব ভাষা ব্যবহার করেছেন, সেজন্য তার বিরুদ্ধে আইনী ব্যবস্থা নেওয়াই উচিত।

অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে এফআইআর প্রসঙ্গে তৃণমূল কংগ্রেস সাংসদ দোলা সেন বলেন, চূড়ান্ত রায় সর্বদা সত্যের পক্ষেই যায়। এক্ষেত্রেও তাই হবে বলে তাঁর দৃঢ় বিশ্বাস।

০০০০০০০০০০০০০০০০০০০০০

সাম্প্রতিক চিন সফরে মার্কিন যুক্তরাষ্ট্র ও চিনের মধ্যে বেশ কিছু গুরুত্বপূর্ণ বাণিজ্য চুক্তি সম্পন্ন হয়েছে বলে জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। দেশে ফেরার পথে এয়ার ফোর্স ওয়ানে সাংবাদিকদের ট্রাম্প বলেন চিন ২০০টি বোয়িং বিমান কিনতে সম্মত হয়েছে, পাশাপাশি প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে আলোচনার পর সেই অর্ডার আরও বৃদ্ধির সম্ভাবনা রয়েছে বলেও জানিয়েছেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

হরমুজ প্রণালী খুলে দেওয়া হলেও মার্কিন যুক্তরাষ্ট্র ইরানকে পারমাণবিক অস্ত্র ব্যবহার করতে দেবে না বলে জানিয়েছেন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প। সংবাদ মাধ্যমকে দেওয়া এক সাক্ষাৎকারে আমেরিকার গৃহীত পদক্ষেপ যে সঠিকই তাঁর পক্ষে যুক্তি দিয়ে মার্কিন রাষ্ট্রপতি ইরানের সমালোচনা করেন। তেহরানের সঙ্গে করা চুক্তিগুলো ধারাবাহিকভাবে মানা হচ্ছে না বলেও অভিযোগ জানান ট্রাম্প।

০০০০০০০০০০০০০০০০০০০০০

ওয়াশিংটনে আরো এক দফা বৈঠক শেষে ইজরায়েল ও লেবানন, চলতি সংঘর্ষ বিরতির মেয়াদ ৪৫ দিন বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। মার্কিন বিদেশ দপ্তরের মুখপাত্র টমি পিগোট জানিয়েছেন, দু দফায় আলোচনার পর এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগামী দোসরা ও তেসরা জুন ফের আলোচনায় বসা হবে।

উল্লেখ্য, ইজরায়েল ও হেজবোল্লা গোষ্ঠীর মধ্যে চলতি সংঘর্ষ বিরতির মেয়াদ আগামীকাল শেষ হওয়ার কথা ছিল। সমাজমাধ্যমের পোষ্টে পিগোট জানান, দু দেশের মধ্যে সার্বভৌমত্ব বজায়, অখন্ডতা রক্ষা এবং শান্তি প্রতিষ্ঠায় এই আলোচনা কার্যকর হবে বলে আশা করা হচ্ছে।

oooooooooooooooooooo

আজ বিশ্বজুড়ে আন্তর্জাতিক আলোক দিবস পালিত হচ্ছে। **১৯৬০** সালে পদার্থবিজ্ঞানী ও প্রকৌশলী থিওডোর মাইম্যান-এর লেজারের প্রথম সফল প্রয়োগের স্মরণে প্রতি বছর **১৬**-ই মে এই দিনটি পালন করা হয়।

উল্লেখ্য, চলতি বছরের থিম হল সুস্থায়ী ভবিষ্যতের জন্য আলোকবর্তিকা, যেখানে শক্তি-সাশ্রয়ী আলো, পরিবেশবান্ধব উৎপাদন এবং উন্নত কৃষি পদ্ধতির মাধ্যমে আলোক ভিত্তিক প্রযুক্তি কিভাবে সুস্থায়ী উন্নয়নে অবদান রাখে তার উপর আলোকপাত করা হয়েছে।

oooooooooooooooooooo

নানা সচেতনতা মূলক প্রচার অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ জাতীয় ডেঙ্গু দিবস পালিত হচ্ছে। দিনটি পালনের মূল লক্ষ্য মশাবাহিত রোগ ডেঙ্গু প্রতিরোধ ও নিয়ন্ত্রণে জনসচেতনতা তৈরি করা। পাশাপাশি প্রাক বর্ষাকালীন সময়ে পরিকল্পনা মাফিক মশার প্রজনন রোধের মধ্য দিয়ে ডেঙ্গু নিয়ন্ত্রণ করা। সতর্কতামূলক ব্যবস্থার অঙ্গ হিসেবে জল জমতে না দেওয়া, কীটনাশক ওষুধ স্প্রে করা, মশারি ব্যবহার করতে সচেতনতা বাড়ানোর ওপর জোর দেওয়া হয়। ভারত সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক **১৬** ই মে দিনটি জাতীয় ডেঙ্গু দিবস হিসেবে পালন করার কথা ঘোষণা করে।

oooooooooooooooooooo

ইডেনে আজ আইপিএল ক্রিকেটের ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, গুজরাট টাইটানস এর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

১২ ম্যাচে ১৬ পয়েন্ট নিয়ে গুজরাট পয়েন্ট তালিকায় দ্বিতীয়, ১১ ম্যাচে ৯ পয়েন্ট নিয়ে কলকাতা অষ্টম স্থানে রয়েছে। প্লে অফে যাওয়ার কোনরকম সম্ভাবনা জিইয়ে রাখতে হলে কেকে আর কে বাকি তিনটি ম্যাচ জিততেই হবে।

চোটের কারণে আজকের খেলাতেও বরুন অনিশ্চিত। ম্যাচের আগে তার ফিটনেস দেখে সিদ্ধান্ত নেওয়া হবে বলে কে কে আর ম্যানেজমেণ্ট জানিয়েছে।

এদিকে, আজ ম্যাচ জিতলে প্লে অফ প্রায় নিশ্চিত করে ফেলবে গুজরাট।

০০০০০০০০০০০০০০০০০০০০০

থাইল্যান্ড ওপেন ব্যাডমিন্টন প্রতিযোগিতায় পুরুষদের ডাবলসে ভারতের শীর্ষ জুটি সাত্ত্বিক সাইরাজ রাংকি রেড্ডি ও চিরাগ শেট্টি আজ সেমিফাইনালে মালয়েশিয়ার শাটলার নুর ইজউদ্দিন ও গোহ সে ফেই-এর মুখোমুখি হবেন। গতকাল কোয়ার্টার ফাইনালে, তারা জাপানের তাকুমি নামুরা ও ইউইচি শিমোগামি জুটিকে ২১- ১২, ২১- ১৩ ব্যবধানে পরাজিত করেন।

অন্যদিকে মহিলাদের সিঙ্গলসের কোয়ার্টার ফাইনালে দু' বারের অলিম্পিক পদকজয়ী পি.ভি. সিন্ধু, জাপানের আকানে ইয়ামাগুচির কাছে ২১- ১৯, ১৮ - ২১, ১৫- ২১ ব্যবধানে পরাজিত হয়ে এবং পুরুষদের সিঙ্গলসের কোয়ার্টার ফাইনালে লক্ষ্য সেন থাইল্যান্ডের কুনলাভুত ভিতিদসার্নের কাছে ১৯-২১, ১৬-২১ গেমে পরাজিত হয়ে টুর্নামেন্ট থেকে বিদায় নিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০